Charter Revision Commission

**প্রস্তাবনা নং 4**

## প্রাথমিক রিপোর্ট ও কর্মীদের সুপারিশগুলো মেনে নেওয়ার জন্য চার্টার রিভিশন কমিশনের নিকট প্রস্তাবনা।

যেহেতু 12 ডিসেম্বর 2024 তারিখে নিউ ইয়র্ক সিটির মেয়র চার্টার রিভিশন কমিশন ("কমিশন") প্রতিষ্ঠিত করেছেন এবং নিউ ইয়র্ক স্টেটের মিউনিসিপ্যাল হোম রুল আইনের ধারা 36(4) ও 36(6)(d) অনুসারে কমিশনের দায়িত্ব পালনের জন্য তের জন ব্যক্তিকে নিয়োগ করেন এবং

যেহেতু কমিশনের কর্মী 30 এপ্রিল, 2025 তারিখে চার্টার রিভিশন কমিশনের প্রাথমিক রিপোর্ট প্রকাশ করেছেন সেখানে জনসাধারণ, সিটির এজেন্সি এবং সরকারি কর্মকর্তাদের কাছ থেকে কমিশন কর্তৃক প্রাপ্ত এজাহারের ভিত্তিতে গুরুত্বারোপের ক্ষেত্রগুলি চিহ্নিত করা হয়েছে এবং

সেখানে চার্টার রিভিশন কমিশনের প্রাথমিক রিপোর্টের মধ্যে যেসব বিষয়ে কমিশনের কাছে কর্মীদের সুপারিশ রয়েছে সেগুলি হলো আবাসন, নির্বাচন ও ভোটারদের উপস্থিতি, অলাভজনক ক্রয় ও পেমেন্ট করা, জলবায়ু ও অবকাঠামো এবং সিটির মানচিত্রের আধুনিকায়ন করা; এবং

অন্যদিকে এই প্রস্তাবনাটি কমিশন কর্তৃক এখন পর্যন্ত বিবেচিত তথ্যের সংশ্লেষণ হিসাবে চার্টার রিভিশন কমিশনের প্রাথমিক রিপোর্টকে কমিশনের গ্রহণযোগ্যতার বিষয়টি প্রকাশ করে এবং এই কমিশনের উদ্দেশ্য হলো 4 নভেম্বর, 2025 তারিখে সাধারণ নির্বাচনে চূড়ান্ত প্রস্তাবনাটি ভোটারদের কাছে উপস্থাপনকালীন কমিশনের সিদ্ধান্ত অনুসারে কর্মীদের সুপারিশসমূহ বিবেচনা করা; এবং

এখন, কাজেই এই সিদ্ধান্ত নেওয়া হোক যে কমিশন প্রাথমিক রিপোর্টের মধ্যে থাকা সুপারিশসমূহ বিবেচনা করার বিষয়টি কর্মীদেরকে চালিয়ে যেতে নির্দেশ দেবে;

এবং আরো সিদ্ধান্ত নেওয়া হোক যে কমিশন সনদটি সম্পূর্ণরূপে পর্যালোচনা করবে এবং গণশুনানি, লিখিত সাক্ষ্যের মাধ্যমে বা এখানে যাদের নাম আছে তারা ছাড়াও এর বাইরে থাকা কর্মীদের দ্বারা উত্থাপিত যেকোনো অতিরিক্ত বিষয় বিবেচনায় আনতে হবে এবং কমিশন কর্মীদেরকে সংগৃহীত অতিরিক্ত সকল তথ্য সংকলনের নির্দেশ দেয় যাতে কমিশন চূড়ান্ত রিপোর্ট তৈরির সময় তা বিবেচনা করতে পারে;

এবং আরো সিদ্ধান্ত নেওয়া হোক যে কমিশন যেন পূর্বে উল্লিখিত নির্দেশনার সাথে মিল রেখে কর্মীদেরকে চূড়ান্ত রিপোর্ট, ব্যালটের প্রশ্ন ও সারাংশ তৈরির নির্দেশ দেয় এবং চেয়ারম্যান কর্তৃক

প্রয়োজনীয় ও যথাযথ বলে বিবেচিত আরো সংশোধনী সহ কমিশনারদের বিজ্ঞপ্তি প্রদানের পাশাপাশি আরো শর্ত থাকে যে কমিশনের প্রস্তাবগুলোকে প্রতিফলিত করে এমন চূড়ান্ত রিপোর্ট, ব্যালটের প্রশ্ন ও সারসংক্ষেপগুলো, 4 নভেম্বর, 2025 তারিখে অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচনে ভোটারদের সামনে এই ধরনের প্রস্তাবগুলো উপস্থাপন করা হবে কি না তা বিবেচনার জন্য কমিশনের কাছে জমা দেওয়া হবে।

তারিখ: 14 মে 2025